# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে পঞ্চম প্রকারের সালাত

## ذِكْرُ النَّوْعِ الْخَامِسِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2868 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ بِإِحْدَى الطَّائِفَتَيْنِ رَكْعَةً وَالطَّائِفَةُ الْأُخْرَى مُوَاجِهَةُ الْعَدُوِّ ثُمَّ انْصَرَفُوا فَقَامُوا مَقَامَ أَصْحَابِهِمْ مُقْبِلِينَ عَلَى العدو وجاء أولئك فصلى بهم النبي صلى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً ثُمَّ سَلَّمَ بِهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَضَى هَؤُلَاءِ فَقَامُوا مَقَامَ أَصْحَابِهِمْ مُقْبِلِينَ عَلَى الْعَدُوِّ وَجَاءَ أولئك فصلى بهم النبي صلى الله عليه وَسَلَّمَ رَكْعَةً ثُمَّ سَلَّمَ بِهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَضَى هَؤُلَاءِ رَكْعَةً وَهَؤُلَاءِ ركعة.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2868 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1132): ق.

বাংলা

২৮৬৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে ভীতিকালীন সালাত আদায় করেন। তিনি আমাদের একদলকে নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। আরেকদল তারা শত্রুর মুখোমুখী থাকে। তারপর তারা শত্রুর মোকাবিলায় নিয়োজিত দলের কাছে গিয়ে অবস্থান নেন, আর তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তিনি তাদের নিয়ে সালাম ফেরান। তারপর তারা শত্রুর মোকাবিলায় নিয়োজিত দলের কাছে গিয়ে অবস্থান নেন, আর তারা রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিয়ে আরেক রাকা'আত সালাত আদায় করেন। তারপর তিনি তাদের নিয়ে সালাম ফেরান। এই কাতারের সাহাবীগণ এক রাকা'আত সম্পন্ন করেন এবং অন্য কাতারের সাহাবীগণও এক রাকা'আত সালাম সম্পন্ন করেন।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২৪১; মুসনাদ আহমাদ: ২/১৪৭; সহীহ মুসলিম: ৮৩৯; দারাকুতনী: ২/৫৯; সুনান বাইহাকী: ৩/২৬০; সহীহুল বুখারী: ৪১৩৩; নাসাঈ: ৩/১৭১; আবূ দাউদ: ১২৪৩; বাগাবী: ১০৯২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫৪; দারেমী: ১/৩৫৭-৩৫৮; তাহাবী: ১/৩১২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92198

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন